রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

বিষয়: 'সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম' শীর্ষক বাংলাদেশ ব্যাংক এর ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন প্রসঙ্গে।

দেশের সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহ (সিএমএসএমই) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। শ্রমনিবিড়, স্বল্প পুঁজি নির্ভর ও উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় সিএমএসএমই খাত আমদানী বিকল্প সেবা/পণ্য উৎপাদনসহ জাতীয় আয় বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টিতে ইতিবাচক অবদান রাখতে সক্ষম হচ্ছে। বাংলাদেশকে কর্মসংস্থানমুখী ও শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিণত করার ক্ষেত্রে সিএমএসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের (রাজশাহী ও রংপুর বিভাগ) উৎপাদনশীল কর্মসংস্থান, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে অর্থায়ন করে আসছে।

সিএমএসএমই খাতের উদ্যোক্তাগণের অনুকূলে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে তুলনামূলক স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৯.০৭.২০২২ তারিখে এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ জারী করা হয়। উল্লিখিত সার্কুলারে বাংলাদেশ ব্যাংক কর্তৃক "সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম" নামীয় ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে মর্মে উল্লেখ রয়েছে। আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২৪.০৮.২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে একটি দ্বিপাক্ষিক অংশগ্রহণ চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। যথাযথ অর্থায়নের মাধ্যমে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে প্রতিশ্রুতিশীল ও যোগ্য সিএমএসএমই শ্রেণী গড়ে তোলার প্রত্যয়ে সিএমএসএমই খাতে ঋণ সুবিধা তরান্বিতকরণ ও সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর উল্লিখিত চুক্তির শর্তাবলীর অনুবৃত্তিক্রমে এবং ২৮.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৫২তম সভার অনুমোদনক্রমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন বিষয়ক নিম্নরূপ ঋণ নীতিমালা জারী করা হলো:

১। **স্কিমের নাম:** "সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম"।

২। **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংক-এর নিজস্ব তহবিল ।

৩। **তহবিলের পরিমাণ ও মেয়াদ:**
আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর অনুকূলে ৭০.০০ (সত্তর) কোটি টাকা তহবিল বরাদ্দ প্রদান করা হয়েছে (জোন পর্যায়ে বরাদ্দকৃত তালিকা সংযোজনী-'ক'-তে দেখানো হলো) যা আবর্তনশীল হিসেবে পরিচালিত হবে। প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তহবিলের পরিমাণ বৃদ্ধি করা হবে। প্রাথমিকভাবে স্কিমটির মেয়াদ ০৩ (তিন) বছর নির্ধারণ করা হয়েছে।

৪। **পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা:**
কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০-এ বর্ণিত/সংজ্ঞায়িত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণকে প্রদত্ত মেয়াদী ঋণসমূহ এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবে।

(চলমান পাতা-২)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

৫। **অগ্রাধিকার খাত:**

আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ক্লাস্টারভুক্ত সিএমএসএমই উদ্যোক্তাগণকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করতে হবে (অগ্রাধিকারপ্রাপ্ত সিএমএসএমই খাতভুক্ত ক্লাস্টারের তালিকা সংযোজনী-'খ'-তে দেখানো হলো)।

এছাড়াও নারী উদ্যোক্তা, বিশেষ চাহিদাসম্পন্ন উদ্যোক্তা এবং যে কোন দুর্যোগে (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকান্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে এ স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রদান করতে হবে।

৬। **শিল্প উদোগের ধরণ ভিত্তিক বিভাজন:**

এ স্কিমের আওতায় বরাদ্দকৃত মোট ঋণের ন্যূনতম ৭৫ (পঁচাত্তর) শতাংশ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে সামগ্রিকভাবে বিতরণ করতে হবে এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) শতাংশ মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা যাবে।

৭। **উপ-খাত ভিত্তিক বিভাজন:**

এ স্কিমের আওতায় বরাদ্দকৃত মোট ঋণের ন্যূনতম ৭০ (সত্তর) শতাংশ উৎপাদন ও সেবা খাতে বিতরণ করতে হবে এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করা যাবে।

৮। **ঋণ প্রাপ্তির অযোগ্যতা:**

খেলাপী ঋণগ্রহীতাগণ এ স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

৯। **গ্রাহক পর্যায়ে সুদের হার:**

গ্রাহক পর্যায়ে আরোপিত বার্ষিক সুদের হার হবে সর্বোচ্চ ৭% (ক্রমহ্রাসমান স্থিতি ভিত্তিক)।

১০। **ঋণের মেয়াদ ও পরিশোধসূচি:**

এ স্কিমের আওতায় প্রদত্ত ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর। উৎপাদনশীল ও সেবা শিল্প খাতে এ স্কিমের আওতায় প্রদত্ত ঋণের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে। তবে, গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ ০৫ (পাঁচ) বছর এর অধিক হবে না। ঋণের পরিমাণ বিবেচনায় মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক নিম্নরূপভাবে ঋণের মেয়াদ এবং সুদসহ কিস্তি নির্ধারণ করতে হবে:

ঋণের পরিমাণ			ঋণের মেয়াদ	ঋণের কিস্তি (সুদসহ)
(ক)	১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত।	:	সর্বোচ্চ ০২ বছর	মাসিক/ত্রৈমাসিক
(খ)	১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত।	:	সর্বোচ্চ ০৩ বছর	মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক
(গ)	৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উর্ধ্বে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পর্যন্ত।	:	সর্বোচ্চ ০৪ বছর	মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক
(ঘ)	১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার উর্ধ্বে	:	সর্বোচ্চ ০৫ বছর	মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক

উল্লেখ্য, শিল্প উদ্যোগ/ব্যবসার ধরণ ও টার্ণওভার বিবেচনায় নিয়ে প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণের কিস্তি নির্ধারণ করতে হবে।

১১। **ঋণ মঞ্জুরি ক্ষমতা:**

এ প্যাকেজের আওতায় ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে বর্ণিত সিএমএসএমই খাতে ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতার যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১২। **ঋণ বিতরণ সময়সীমা:**

৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে চুক্তিকৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার এবং ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সম্ভাব্য সকল উদ্যোগ ও সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(চলমান পাতা-৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

১৩। **শিডিউল অব চার্জ/অন্যান্য চার্জ:**
ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জ বিষয়ে সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জ এবং ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৪। **ঋণ হিসাবায়ন:**
আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণের হিসাবসমূহ নিম্নবর্ণিত প্রোডাক্ট কোড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

Product Code	Name of Account
616	CMSME Term Loan Refinance Scheme BB

১৫। **ঋণ আদায়/নবায়ন/পুনঃপ্রদান::**
ক) আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে গ্রাহকের নিকট হতে সুদসহ কিস্তি আদায় করতে হবে।

খ) আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

গ) শাখাসমূহ কর্তৃক বিতরণকৃত ঋণ নির্ধারিত মেয়াদের পূর্বে আদায়/সমন্বয় হলে সুদসহ ব্যাংকের অনুকূলে ছাড়কৃত সমুদয় অর্থ বাংলাদেশ ব্যাংককে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায়, উক্তরূপে অপরিশোধিত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক রেটে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে। এরূপ ক্ষেত্রে এতদসংক্রান্ত দায়ভার সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।

ঘ) নির্ধারিত সময়সীমার মধ্যে বিতরণকৃত ঋণ আদায় সম্ভব না হলে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে।

ঙ) ঋণগ্রহীতার ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক বিবেচিত হলে নির্ধারিত মেয়াদ শেষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংকের প্রচলিত/বিদ্যমান নীতিমালার আওতায় ঋণ হিসাব নবায়ন করা যাবে। এ ক্ষেত্রে ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রয়োজ্য হবে।

১৬। **তহবিল ছাড় (ব্যাংক পর্যায়ে):**
পুনঃঅর্থায়ন গ্রহণের প্রতিটি ক্ষেত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন হিসেবে গৃহীত সমপরিমাণ অর্থের প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) প্রদান করতে হবে।

১৭। **ব্যাংক পর্যায়ে সুদের হার ও পরিশোধসূচি:**
ক) আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়িত অর্থের বিপরীতে বার্ষিক সুদের হার হবে ২%।

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়নের অর্থ সুদসহ কিস্তি আদায় করা হবে।

গ) পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়নের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংক-এ রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে আদায় করা হবে।

ঘ) সুদসহ পুনঃঅর্থায়িত অর্থ আদায়কালে বাংলাদেশ ব্যাংক-এ রক্ষিত এ ব্যাংকের চলতি হিসাবে তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে সুদ/কিস্তি আদায় করা সম্ভব না হলে আদায়যোগ্য অর্থ পুনঃঅর্থায়নকালে আরোপিত সুদের হার অপেক্ষা ২% অধিক হারে অতিরিক্ত সময়ের সুদসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায় করা হবে।

১৮। **পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রক্রিয়া:**
ক) আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে শাখাসমূহ এতদসংক্রান্ত ঋণ বিতরণের বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী-১) প্রয়োজনীয় তথ্যাদি প্রদানপূর্বক প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে আবেদন দাখিল করবে।

খ) জোনাল কার্যালয়সমূহ উল্লিখিত বিবরণী সংকলনপূর্বক এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

গ) নির্ধারিত সময়ের মধ্যে পুনঃঅর্থায়ন প্রাপ্তির তথ্যাদি প্রধান কার্যালয়ে প্রেরণ না করা হলে অথবা কোন ভুল তথ্য প্রদান করা হলে এতদসংক্রান্ত আর্থিক ক্ষতির দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

(চলমান পাতা-৪)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

১৯। **তথ্য, উপাত্ত ও প্রতিবেদন:**

ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি নিয়মিত ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে। বিধায়, শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ব্যাংকের MIS/CBS সফটওয়্যারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

খ) একইসাথে জোনাল কার্যালয়সমূহ এতদসংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী- ২) প্রতি ত্রৈমাস অন্তে এর অব্যবহিত ১০ (দশ) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

২০। **দলিলাদি তলব ও প্রকল্প পরিদর্শন:**

ক) গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ, আদায় ও সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি সংশ্লিষ্ট জোন ও বিভাগীয় কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে।

খ) এ প্যাকেজের আওতায় ঋণপ্রাপ্ত গ্রাহকদের প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে পরিদর্শন, বুকস অব অ্যাকাউন্টস্ এবং অন্যান্য তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ঋণের মনিটরিং এবং মূল্যায়ন করতে পারবে। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে এবং ফাউন্ডেশন/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

২১। **অন্যান্য শর্তাবলী:**

ক) "সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম" নামীয় আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

খ) আলোচ্য স্কিমের আওতায় ঋণ মঞ্জুরি/বিতরণের ক্ষেত্রে ঋণগ্রহীতা/উদ্যোক্তার ব্যবসা/পেশার ধরণ, উপযোগিতা এবং চাহিদার ভিত্তিতে প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণের খাত নির্ধারণ করতে হবে। শাখা/জোন/বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক গ্রাহকের সক্ষমতার বিষয়ে নিশ্চিত হয়ে এ ঋণ মঞ্জুরি/সুপারিশ করতে হবে।

গ) ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে এ ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

ঘ) এ স্কিমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপরিল্লিখিত শর্তাদির পাশাপাশি ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এর প্রযোজ্য অন্যান্য নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ঙ) ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চ) একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা (Single borrower Exposure Limit) সংক্রান্ত ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত নির্দেশনা/প্রযোজ্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

২১। **অন্যান্য শর্তাবলী:**

ছ) শাখা পর্যায়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক কিস্তি ভিত্তিক পৃথক হিসাব সংরক্ষণসহ নির্ধারিত সময়ে পুনঃঅর্থায়ন দাবী নিশ্চিত করতে হবে।

জ) এ স্কিমের আওতায় বিতরণকৃত ঋণ যেন কোনক্রমেই খেলাপী না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বিশেষভাবে তৎপর থাকতে হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে বিতরণকৃত ঋণের সময়ভিত্তিক কিস্তি আদায়ের বিষয়টি গুরুত্বের সাথে মনিটরিং এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

ঝ) এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়নকৃত অর্থ ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর আওতাবহির্ভূত অন্য কোন খাতে ব্যবহার করা হলে বা ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে বর্ণিত নীতিমালা অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বা কোন তথ্য গোপন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়িত অর্থের ওপর ব্যাংক রেটে সুদ/মুনাফাসহ সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে এককালীন আদায় করা হবে; বিধায় এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে। এহেন পরিস্থিতির উদ্ভব হলে এতদসংক্রান্ত দায়ভার সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

ঞ) আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ নীতিমালার শর্তাদির বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তীতে কোন পরিবর্তন/সংশোধন করা হলে তা অনুসৃত হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

০৪/০৯/২০২২

(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/৩৭০(CMSME TLRS)/২০২২-২০২৩/১৯১(৪৫৪) তারিখ: ০৪.০৯.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

০৪.০৯.২০২২

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

(সংযোজনী-ক)

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

<u>সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা</u>

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা
১	রাজশাহী	৪০০.০০
২	নওগাঁ	৪০০.০০
৩	নাটোর	৩৭৫.০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	৪০০.০০
৫	বগুড়া (উঃ)	৩৫০.০০
৬	বগুড়া (দঃ)	৩৫০.০০
৭	জয়পুরহাট	৩৭৫.০০
৮	পাবনা	৩৭৫.০০
৯	সিরাজগঞ্জ	৩৭৫.০০
	উপ-সমষ্টি:	**৩৪০০.০০**
১০	রংপুর	৪০০.০০
১১	গাইবান্ধা	৪০০.০০
১২	কুড়িগ্রাম	৩৭৫.০০
১৩	নীলফামারী	৩৭৫.০০
১৪	লালমনিরহাট	৪০০.০০
১৫	দিনাজপুর (উঃ)	৩৫০.০০
১৬	দিনাজপুর (দঃ)	৩৫০.০০
১৭	ঠাকুরগাঁও	৩৭৫.০০
১৮	পঞ্চগড়	৩৭৫.০০
	উপ-সমষ্টি:	**৩৪০০.০০**
১৯	এলপিও, রাজশাহী	২০০.০০
	সমষ্টি:	**৭০০০.০০**

* উল্লেখ্য, আগামী ৩০.০৬.২০২৩ তারিখের মধ্যে আলোচ্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

08.07.2022

শাহনেওয়াজ ছাবরে মাহমুদ
মুখ্য কর্মকর্তা
ঋণ ও অগ্রিম বিভাগ-১
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

08.07.2022

মোঃ রেজাশাহ ওমর চৌধুরী
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ঋণ ও অগ্রিম বিভাগ-১
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

(সংযোজনী-খ)

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

অগ্রাধিকারপ্রাপ্ত সিএমএসএমই খাতভুক্ত ক্লাস্টারের তালিকা

উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত ক্লাস্টারসমূহ	
১	কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২	তৈরী পোশাক শিল্প, নীটওয়্যার, ডিজাইন ও সাজসজ্জা
৩	আইসিটি
৪	চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৫	লাইটি ইঞ্জিনিয়ারিং
৬	পাট ও পাটজাত শিল্প
অগ্রাধিকার প্রাপ্ত ক্লাস্টারসমূহ	
১	প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক্স শিল্প
২	পর্যটন শিল্প
৩	হোম টেক্সটাইল সামগ্রী
৪	নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার)
৫	অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
৬	তাঁত, হস্ত ও কারুশিল্প
৭	বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি (এলইডি, সিএফএফ বাল্ব উৎপাদন)/ইলেকট্রনিক যন্ত্রপাতি র্মিাণ শিল্প/ইলেকট্রনিক মেটেরিয়াল উন্নয়ন শিল্প
৮	জুয়েলারী শিল্প
৯	খেলনা শিল্প
১০	প্রসাধনী ও টয়লেট্রিজ শিল্প
১১	আগর শিল্প
১২	আসবাবপত্র শিল্প
১৩	মোবাইল/কম্পিউটার/টেলিভিশন সার্ভিসিং

"সংযোজনী-১"

"সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম" এর আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্যঃ

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নামঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

জোনের নাম ঃ

অর্থায়ন সময়কাল (মাসের নাম) ঃ

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	ঋণ/বিনিয়োগ গ্রহীতা/উদ্যোগের বিবরণ							ঋণ/বিনিয়োগ ও পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য								মন্তব্য (যদি থাকে)
			মালিকানার প্রকৃতি (প্রোপ্রাইটরশিপ/যৌথ মালিকানা/কোম্পানি)	ব্যবসা/কার্যক্রমের ধরণ/বিবরণ	উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি)	উদ্যোগের প্রকৃতি (উৎপাদন/সেবা/ব্যবসা)	ট্রেড লাইসেন্স নং	উদ্যোক্তা/উদ্যোক্তাদের নাম	এনআইডি নং	ঋণ হিসাব নং	ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ	ঋণের উদ্দেশ্য	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা)	গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার (%)	গ্রেস পিরিয়ড (মাস)	গ্রেস পিরিয়ডসহ ঋণ/বিনিয়োগের মেয়াদ (মাস)	দাবীকৃত পুনঅর্থায়নের পরিমাণ (টাকা)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
১																		
২																		
৩																		
মোট																		

আপনার বিশ্বস্ত

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন-

ই-মেইল নং

"সংযোজনী-২"

"সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম" এর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনঃ

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নামঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
জোনের নাম ঃ

সময়কাল/ত্রৈমাসঃ মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর

ক্রঃ নং	ঋণ/বিনিয়োগ খাত	চলতি ত্রৈমাসে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ			চলতি বছরের শুরু হতে চলতি ত্রৈমাস পর্যন্ত সিএমএসএমই খাতে বিতরণকৃত পুঞ্জিভূত ঋণ/বিনিয়োগ			রিপোর্ট ত্রৈমাস পর্যন্ত স্কিমের আওতায় মোট বিতরণকৃত পুঞ্জিভূত ঋণ			স্কিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাস পর্যন্ত বিতরণকৃত ঋণের স্থিতি (গ্রাহক পর্যায়ে)	রিপোর্টিং ত্রৈমাস পর্যন্ত স্কিমের আওতায় অগ্রাধিকার প্রাপ্ত খাতে মোট বিতরণকৃত পুঞ্জিভূত ঋণ			
		পরিমাণ	উদ্যোক্তার সংখ্যা		পরিমাণ	উদ্যোক্তার সংখ্যা		পরিমাণ	উদ্যোক্তার সংখ্যা		পরিমাণ	ক্লাস্টারভুক্ত উদ্যোক্তা	নারী উদ্যোক্তা	বিশেষ চাহিদা সম্পন্ন উদ্যোক্তা	দুর্যোগ ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা
			পুরুষ	নারী		পুরুষ	নারী		পুরুষ	নারী					
১	উৎপাদনশীল														
২	সেবা														
৩	ব্যবসা														
৪	কুটির														
৫	মাইক্রো														
৬	ক্ষুদ্র														
৭	মাঝারি														

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ
ই-মেইলঃ

প্রতিবেদন অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ